

২০১৩

বাংলা

প্রথম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

৪৫. পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

প্রথমার্ধ

(মান — ৫০)

- ১। বাংলা মঙ্গলকাব্যগুলি সৃষ্টির প্রেক্ষিত সম্পর্কে আলোচনা করো। ধর্মমঙ্গল কাব্যকে ‘রাঢ়ের জাতীয় মহাকাব্য’ বলে অভিহিত করা কতদূর যুক্তিসঙ্গত ?

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে অষ্টাদশ শতাব্দীকে অবক্ষয়ের যুগ বলা হয় কেন ? এই যুগের বিশিষ্ট সাহিত্যকীর্তিগুলির পরিচয় দাও।

(Turn Over)

- ২। বিদ্যাপতিকের মধ্যযুগের 'কবি সার্বভৌম' অভিধা দানের কারণ
কী? অবাঙালী এই কবি বাংলা সাহিত্যে চর্চিত হন কেন?
বৈষ্ণব পদাবলী সাহিত্যে তিনী কীভাবে সমৃদ্ধ করেছেন?
২ + ৫ + ৯

অথবা

মধ্যযুগের বাংলা সাহিত্যের রোমান্টিক প্রণয় কাব্যগুলির
সংক্ষিপ্ত পরিচয় দাও। প্রসঙ্গত এগুলির ঐতিহাসিক গুরুত্ব
সম্পর্কে আলোচনা করো। ১২ + ৪

- ৩। চৈতন্য-জীবনী সাহিত্যগুলির সাধারণ বৈশিষ্ট্য কী?
এক্ষেত্রে বৃন্দাবন দাসের কৃতিত্ব বিচার করো। ১৮

অথবা

টীকা লেখো (যে কোন ৩ টি) : ৬ × ৩

(ক) কৃষ্ণবাসের আত্মবিবরণী

(খ) চর্যাপদ

(গ) শূন্যপুরাণ

(ঘ) শিবায়ণ

(ঙ) শ্রীকৃষ্ণ বিজয়

(চ) খেতুরী মহোৎসব

দ্বিতীয়ার্ধ

(মান — ৫০)

- ৪। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে খ্রীষ্টান মিশনারীদের উদ্যোগ
এবং সাফল্য সম্পর্কে আলোচনা করো। ১৬

অথবা

বাংলা সাহিত্যে ও সংস্কৃতির গঠনে বাংলা সংবাদ ও
সাময়িক পত্রের ভূমিকা পর্যালোচনা করো। ১৬

- ৫। বাংলা কথাসাহিত্যে বনফুলের দান সম্পর্কে আলোচনা
করো। ১৬

অথবা

বাংলা নাট্যসাহিত্যের উন্মেষ পর্বের ইতিহাস সংক্ষেপে
বিবৃত করো। প্রসঙ্গত মধুসূদনের নাট্যকৃতির পরিচয় দিয়ে
বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বিচার করো।
৬ + ৬ + ৪

- ৬। রবীন্দ্র কাব্যধারার বিবর্তনের ইতিবৃত্ত রচনা করো। ১৮

অথবা

টীকা লেখো (যে কোন ৩ টি) : ৬ × ৩

(ক) বঙ্গদর্শন পত্রিকা ও বঙ্কিমচন্দ্র

(খ) সখের নাট্যশালা

(গ) রূপক-সাংকেতিক নাটক

(ঘ) চেতনা প্রবাহী উপন্যাস

(ঙ) গীতিকবিতা

(চ) প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্ত